

মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালত
মুর্শিদাবাদ

উপস্থিতঃ শ্রী অলোকেশ দাস

মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট, মুর্শিদাবাদ।

MR No-33/23

দরখাস্তকারিণী : আলাতন বিবি

প্রতিপক্ষ : জহিদুল মন্ডল@খেদের

09.01.2023ঃ-

দরখাস্তকারিণী নিজের এবং তার সন্তানের জন্য খোরপোষের প্রার্থনা করে ফৌঃকাঃবিঃ-র 125 ধারায় একটি দরখাস্ত দাখিল করেছেন।

মামলাটি একটি এম.আর মামলা হিসেবে নথিভুক্ত করা হোক।

দরখাস্তকারিণী তার দরখাস্তে উল্লেখ করেছেন তিনি প্রতিপক্ষের বিরুদ্ধে খোরপোষের প্রার্থনা করে MR No-349/2014 নং মামলা দাখিল করেছিলেন এবং সেটি মাননীয় বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট তৃতীয় আদালত, বহরমপুর এ স্থানান্তর হয় এবং সেই মামলায় 15.06.2016 তারিখের পর থেকে কোনো দিন না পাওয়া যাওয়ায় অন্তর্বর্তীকালীন খোরপোষ আদায়ের জন্য তিনি কোনো মামলা দাখিল করতে পারেননি এবং তিনি সেই কারণে আজ এই মামলাটি দাখিল করলেন।

দরখাস্তকারিণী মাননীয় বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট তৃতীয় আদালত, বহরমপুর থেকে সংগ্রহ করা উক্ত সমস্যা সংক্রান্ত কোনো রকম নথি দাখিল না করায় এখনই অন্তর্বর্তীকালীন খোরপোষের আদেশ দেওয়া সম্ভব নয়।

পরবর্তী শুনানির জন্য এই মামলাটি মাননীয় বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট প্রথম আদালত, বহরমপুর এ স্থানান্তর করা হল এবং 26.06.2023 তারিখে মামলার পরবর্তী দিন ধার্য করা হল।

কথিত ও সংশোধিত

মুখ্য বিচার বিভাগঃ ম্যাজিঃ
মুর্শিদাবাদ

মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট
মুর্শিদাবাদ
(JO CODE-WB00919)